

স্মারক নং-৪৪.০৩.০০০০.০২৩.১৩.২৩৫.১৯-১৫৬৫

নিয়োগ বিজ্ঞপ্তি

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তরের প্রকৌশল শাখাকে অধিকতর নিপুন ও কর্ম-তৎপর করার উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে কিছু সংখ্যক উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

পদের নামঃ উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ)

আবেদনের যোগ্যতাঃ

ক) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাঃ ডিপ্লোমা-ইন-সিভিল/ডিপ্লোমা-ইন-ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং। কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/সিজিপিএ -২.৫ এর নিচে গ্রহণযোগ্য নয়।

বেতন ও ভাতাঃ

ক) মাসিক বেতন টাঃ ১৫,৫০০/- (পনেরো হাজার পাঁচশত) এবং আনুষঙ্গিক ভাতাদিসহ সর্বসাকুল্যে ১৮,৩০০/- (আঠারো হাজার তিনশত) টাকা।

খ) ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ০২টি উৎসব ভাতা।

গ) বিভিন্ন প্রশিক্ষণের সুবিধাদী।

আবেদনের শর্তাবলি ও আবেদনপত্র পূরণ করার নিয়মাবলিঃ

ক) সভাপতি, চুক্তিভিত্তিক উপ-সহকারী প্রকৌশলী নিয়োগ কমিটি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার বরাবর আবেদন করতে হবে।

খ) আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রশ্মি ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখসহ প্রার্থীর জীবন বৃত্তান্ত এবং সকল প্রকার সনদপত্র ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি ডাকযোগে অথবা আনসার ও ডিডিপি সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার প্রধান ফটক/আরপি গেইটে রক্ষিত বাক্সে জমা দেয়া যাবে।

গ) সকল জেলার প্রার্থী আবেদন করার যোগ্য।

ঘ) উপর্যুক্ত পদে নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ০২(দুই)বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনকভাবে ০২(দুই)বছর চাকুরী সম্পন্নকরণ সাপেক্ষে চুক্তি নবায়ন করা যেতে পারে।

ঙ) ৩০/১১/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ২৮ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

চ) প্রার্থীকে মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে।

ছ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

জ) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম সংশোধন, পরিবর্তন, স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঝ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ আগামী ০৫/১২/২০১৯ খ্রিঃ বিকাল ১৬০০ ঘটিকা। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গৃহীত হবে না।


ঞ) আবেদনকারীকে এসএমএস এর মাধ্যমে অথবা ওয়েব-সাইটে মৌখিক পরীক্ষার স্থান ও সময়সূচী জানানো হবে।

ট) প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষা সনদ, জাতীয়তা ও নাগরিকত্ব সনদের মূল কপি আনতে হবে।

ঠ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃপক্ষ নিয়োগের শর্তাবলী পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করতে পারবেন এবং যে কোন সময় ০২(দুই) মাসের নোটিশে নিয়োগাদেশ বাতিল করতে পারবেন।

ড) তিনি উপ-সহকারী প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালনে অনাগ্রহী হলে ০২(দুই) মাসের নোটিশ প্রদানপূর্বক কর্তৃপক্ষকে জ্ঞাত করে দায়িত্ব থেকে অব্যাহতি নিতে পারবেন।

ঢ) উপ-সহকারী প্রকৌশলী হিসেবে নিয়োজিত থাকাকালীন সময়ে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ছাড়া অন্য কোন সংস্থায় চাকুরী করা যাবে না বা অত্র সংগঠনে ব্যবসা করা যাবে না।



(মোঃ সাইফুল্লাহ রাসেল) ২৮/১১/১৯
পরিচালক (প্রশাসন)

ও

সভাপতি (চুক্তিভিত্তিক নিয়োগ কমিটি)

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী


সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।


তারিখঃ ১৪ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নং-৪৪.০৩.০০০০.০২৩.১৩.২৩৫.১৯-১৫৬৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
- ২। উপ-মহাপরিচালক (প্রশাসন), আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
- ৩। নির্বাহী প্রকৌশলী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
- ৪। উপ-পরিচালক (প্রশাসন-উইং), আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
- ৫। উপ-পরিচালক (আইসিটি)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। ইহা ওয়েব-সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
- ৬। উপ-পরিচালক (সমন্বয়)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। অফিস কপি।


পরিচালক (প্রশাসন) ২৮/১১/১৯
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
